

উদ্ভিদবিজ্ঞান বিভাগের নবীনবরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান



৪ ফেব্রুয়ারি, ২০১৯-সোমবার সকাল ১১ ঘটিকায় উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর ১৩ তম ও ১৪ তম ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ, ৭ম ও ৮ম ব্যাচের বিদায় এবং কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মৌজানুর রহমান।

উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর চেয়ারম্যান অধ্যাপক ড. হাসনা হেনা বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন এবং আজমত গ্রুপের চেয়ারম্যান উদ্ভিদবিজ্ঞানী ড. মোঃ আতহার উদ্দিন। এছাড়া স্বাগত বক্তব্য প্রদান করেন অনুষ্ঠান উদযাপন কমিটি ২০১৯ এর আহবায়ক অধ্যাপক ড. কাজী সাখাওয়াত হোসেন। এসময় অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।